**QP Code: 22/PT/4/VA(P)**

স্নাতকোত্তর পাঠক্রম **(P.G.)**

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা **(Term End Examination) :** জুন, ২০২২/ ডিসেম্বর, ২০২২

# JOURNALISM AND MASS COMMUNICATION

# PAPER-VA : PRINT JOURNALISM (PRACTICAL)

সময় ঃ দুই ঘন্টা — পূর্ণমান ঃ ৫০

Time : 2 hours — Full Marks : 50

(মানের গুরুত্ব ঃ ১০০ %)

(Weightage of Marks : 100%)

**পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।**

**Special credit will be given for precise and correct answer. Marks will be deducted for spelling mistakes, untidiness and illegible handwriting. The figures in the margin indicate full marks.**

**সকল** প্রশ্নের উত্তর দিন। 10 × 5 = 50

Answer *all* questions.

1. কল্পনা করুন যে আপনাকে আপনার নিকটতম শহরে একটি নতুন হাসপাতালের শাখা উদ্বোধন কভার করার জন্য পাঠানো হয়েছে। (শব্দ সংখ্যা ১০০ – ১৫০ )

   একটি সংবাদ প্রতিবেদন লিখুন এবং নিম্নলিখিতগুলি অন্তর্ভুক্ত করুন :

   (ক) উদ্বোধনী অনুষ্ঠান

   (খ) নতুন সুবিধার বিশদ বিবরণ

   (গ) সাধারণ মানুষের সুবিধা

   (ঘ) আয়ের উৎস।

   Imagine you have been sent to cover the opening of a new hospital wing in your nearest city. ( Word count 100 - 150 )

   Write a news report and include the following :

   (a) The opening ceremony

   (b) Details of the new facilities

   (c) Benefits to the community

   (d) Funding.

অথবা **/ OR**

নিম্নলিখিত বিষয়গুলির উপর ভিত্তি করে আপনার স্থানীয় সংবাদপত্রের জন্য একটি শিরোনামসহ প্রতিবেদন লিখুন (শব্দ সংখ্যা ১০০ – ১৫০ ) :

কলকাতার সিটি রোড থেকে একটি স্কুল বাস নিয়ন্ত্রণ হারিয়ে ফেলে এবং একটি ইলেকট্রিক স্তম্ভে ধাক্কা মারে। বাসের অধিকাংশ জানলার কাঁচ ভেঙে গেছে। বাসে ৩০ জনের বেশি শিশু ছিল। তারা স্কুলে যাচ্ছিল। এটি একটি ৩৬ সিটের বাস ছিল। সব শিশুই গুরুতর আহত হওয়া থেকে রক্ষা পায়। তাদের মধ্যে কেউ কেউ বাস থেকে লাফিয়ে পড়ে। প্রত্যক্ষদর্শীরা জানান, বাস থেকে শিশুরা চিৎকার চেঁচামেচি করে এবং আতঙ্কিত অবস্থায় উদ্ধার করা হয়। আজ সকালে এই ঘটনা ঘটেছে।

Write a news report with a suitable headline for your local newspaper based on the following points ( word count 100 - 150 ) :

A school bus lost control from Kolkata's city road and hit an electric pole. Most of the windows of the bus were broken. There were more than 30 children in the bus. They were going to school. It was a 36-seater bus. All children escaped serious injury. Some of them jumped from the bus. Eyewitnesses said that the children were rescued from the bus screaming and panicking. This happened this morning.

2. নিম্নোক্ত যে-কোনো **একটি** বিষয়ে ফিচার লিখুন (শব্দ সংখ্যা ২০০ – ২৫০ ) :

Write a feature on *any* of the following ( word count 200 - 250 ) :

a) ডিজিটাল ইন্ডিয়া।

Digital India.

**অথবা / OR**

b) আপনার প্রিয় বিশিষ্ট ব্যক্তিত্বের উপর।

On your favourite celebrity.

3. নিম্নোক্ত যে-কোনো **একটি** বিষয়ে সম্পাদকীয় লিখুন ( শব্দ সংখ্যা ২০০ – ২৫০ ) :

Write an editorial on *any* of the following ( word count 200 - 250 ) :

a) আজাদি কা অমৃত মহোৎসব – ভারত @৭৫ ।

Azadi Ka Amrit Mahotsav — India @ 75.

**অথবা / OR**

b) দূষণ রোধের জন্য চাই সদিচ্ছা।

Willingness is required to prevent pollution.

4. নিম্নোক্ত যে-কোনো **একটি** বিষয়ে পর্যালোচনা লিখুন ( শব্দ সংখ্যা ১০০ – ১৫০ ) :

Write a review on *any* of the following ( word count 100 - 150 ) :

a) আপনার দেখা সাম্প্রতিক সিনেমা।

Recent movie you have watched.

**অথবা / OR**

b) আপনার পড়া সাম্প্রতিক বই।

Recent book you have read.

5. নিম্নোক্ত যে কোনো **একটি** লেখা সম্পাদনা করুন এবং উপযুক্ত শিরোনাম দিন :

Edit *one* of the following and give a suitable headline :

সপ্তর্ষিবাবুর ৩৪ বছর বয়েস। রবিবার সকাল ৯টা নাগাদ এমনই একটি দুর্ঘটনায় গুরুতর জখম হন হাওড়ার সপ্তর্ষি মণ্ডল, তিনি এস.এস.কে.এম.-এ চিকিৎসাধীন।

প্রত্যক্ষদর্শীর থেকে জানা গেছে – হেলমেট বিহীন সপ্তর্ষি মোটরসাইকেলে একাই ছিলেন। সেতুর মাঝখানে হঠাৎ তিনি মোটরসাইকেলের গতি বাড়িয়ে দেন। হেস্টিংস থানার পুলিশ সপ্তর্ষি বাবুকে সেতু থেকে উদ্ধার করে হাসপাতালে পাঠায়।

বিদ্যাসাগর সেতুতে দুর্ঘটনা নতুন নয়, কিন্তু দুর্ঘটনার জেরে কেউ সেতু থেকে ছিটকে তলায় পড়ে গিয়েছেন, এমন ঘটনার কথা পুলিশও মনে করতে পারছেনা।

পুলিশ জানায় – অনেক চালকই নির্দিষ্ট গতিতে গাড়ি চালাচ্ছেন না। পুলিশ আরো জানায় যে দুর্ঘটনার তীব্রতা এতটাই ছিল যে, ধাক্কা লাগার সঙ্গে সঙ্গেই সপ্তর্ষি বাবুর মোটরসাইকেলটি সেতুর এক দিকে ছিটকে পড়ে।

Saptarshi Babu was 34 years old. Saptarshi Mandal of Howrah was seriously injured in such an accident around 9 am on Sunday, he was undergoing treatment at SSKM.

Eyewitnesses said — Saptarshi is alone on the motorcycle without a helmet. At the base of the bridge he accelerated the motorcycle. Police from Hastings police station rescued Saptarshi Babu from the bridge and sent him to the hospital.

Accidents in Vidyasagar Bridge is not new, but even the police cannot remember such an incident where someone fell from the bridge due to an accident.

Police said — Many drivers are not driving at the specified speed. Police also said that the severity of the accident was such that Saptarshi Babu's motorcycle was threw on one side of the bridge immediately after impact.

**অথবা / OR**

২৩ শে জানুয়ারির বদলে কেন ৮ ই সেপ্টেম্বর ইন্ডিয়া গেটের সামনে নেতাজির মূর্তি উদ্‌ঘাটন হল ? কংগ্রেস পার্টির দাবি, রাহুল গান্ধী ভারত জোড়ো যাত্রা থেকে নজর ঘোরাতেই এই দিনটি বেছে নেওয়া।

'কর্তব্য পথ' নামকরণ অনুষ্ঠানে বলা হয় যে, ভাদ্র মাসের শুক্লা ত্রয়োদশীর দিন বলে এটি অনুষ্ঠানের জন্য বেছে নেওয়া হয়েছে। নেতাজির মূর্তিকে ঘিরে তিন দিন ধরে তাঁর জীবন প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। প্রধানমন্ত্রী সবাইকে সেখানে গিয়ে 'নিজস্বী' তুলতে বলেন এবং সোশ্যাল মিডিয়ায় আপলোড করার আহ্বান জানিয়েছেন।

ইন্ডিয়া গেট থেকে রাইসিনা হিল পর্যন্ত রাজপথ ও তার দু'পাশের এলাকা – সেন্ট্রাল ভিস্টা ঢেলে সাজানোর পরে আজ প্রধানমন্ত্রী উদ্বোধন করেছেন। রাজপথের নাম বদলে করেছেন কর্তব্য পথ।

সেই সঙ্গে ইন্ডিয়া গেটের সামনে নেতাজির ২৮ ফুট উঁচু মূর্তির আবরণ উন্মোচন করে মোদী বলেছেন নেতাজি সুভাষবাবু ভারতের ঐতিহ্য নিয়ে গর্ব করতেন – আধুনিক ভারত নির্মাণের চেষ্টা করতেন। দুর্ভাগ্য হল, এই মহান নায়ককে ভুলিয়ে দেওয়ার চেষ্টা হয়েছে।

ব্রিটিশদের তৈরি কিংসওয়ে–র নামই স্বাধীনতার পরে রাজপথ হয়। দিল্লীর সংসদ ভবন থেকে নর্থ ব্লক, সাউথ ব্লক বা কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রকে পৌঁছতে হলে রাজপথ ছুঁয়েই যেতে হয়। আজ প্রধানমন্ত্রী যুক্তি দিয়েছেন, কর্তব্য পথ ধরে সাংসদরা সংসদে গেলে বা সরকারি দফতরে গেলে কর্তব্যবোধ থেকে কাজ করতে অনুপ্রাণিত হবেন।

Why was Netaji's statue inaugurated in front of India Gate on September 8 instead of January 23 ? The Congress party demanded that this day be chosen to divert attention from Rahul Gandhi's Bharat Joro Yatra.

Naming the 'Kartavya Path', it was said that it was chosen for the ceremony on the day of Shukla Trayodashi in the month of Bhadra. An exhibition of Netaji's life has been organised for three days around the statue of Netaji. The Prime Minister asked everyone to go there and pick up 'Selfie' and upload it on social media.

The Prime Minister today inaugurated the central vista after paving the Rajpath from India Gate to Raisina Hill and its flanks. The name of the road has been changed to Kartavya Path. Also, unveiling the 28 feet tall statue of Netaji in front of India Gate, Modi said that Netaji Subhas babu was proud of India's heritage. Tried to build modern India. Unfortunately, there has been an attempt to forget this great hero.

Kingsway, built the British, became Rajpath after independence. To reach the North Block, South Block or various ministries of the Central Government from the Sangsad Bhawan of Delhi, one has to touch the Rajpath. Today the Prime Minister argued that MPs will be motivated to act out of a sense of duty if they go to parliament or go to government offices through Kartavya Path.